

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৬৯

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৬১. ফল খাওয়া

بَابِ أُكْلِ الثِّمَارِ

### আরবী

حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ مُحَمَّدِ الطَّلْحِيُّ، حَدَّثَنَا نُقَيْبُ بْنُ حَاجِبٍ، عَنْ أَبِي سَعِيدٍ، عَنْ عَبْدِ الْمَلِكِ النُّبَيِّ مَنْ طَلْحَةً، قَالَ دَخَلْتُ عَلَى النَّبِيِّ معلى الله عليه وسلم وبيده وبيده سَفَرْجَلَةٌ فَقَالَ " دُونَكَهَا يَا طَلْحَةُ فَإِنَّهَا تُجِمُّ الْفُؤَادَ " .

#### বাংলা

২/৩৩৬৯। তালহা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি যখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত হলাম তখন তাঁর হাতে ছিল এক জাতীয় অম্লফল। তিনি বলেনঃ হে তালহা! এগুলো লও। এগুলো অন্তরকে শান্তি দেয়।

## **English**

It was narrated that Talhah said:

"I entered upon the Prophet (ﷺ) and in his hand was some quince. He said: 'Take it, O Talhah, for it soothes the heart.'"

## ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ইসমাইল বিন মুহাম্মাদ আত-তালহী সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭৬, ৩/১৮৭ নং পৃষ্ঠা) ২. নুকায়ব বিন হাজিব সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তিনি কে তা আমি জানি না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৪৭০, ৩০/১৭ নং পৃষ্ঠা) ৩. আবু



সাঈদ সম্পর্কে আবু হাতিম আর-রায়ী বলেন, আমি তাকে চিনি না। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়না। আল-মিয়য়ী বলেন, তিনি জাহিলদের একজন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৭৪০১, ৩৩/৩৬০ নং পৃষ্ঠা) ৪. আবদুল মালিক আয-যুবায়রী সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী ও ইমাম যাহাবী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। আল-মিয়য়ী বলেন, তিনি জাহিলদের একজন। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৩৫৭৫, ১৮/৪৩৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুল্লাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন